কুষ্টিয়ায় সারের দাম বেশি নেওয়ায় ব্যবসায়ীকে জরিমানা

কুষ্টিয়ার দৌলতপুর উপজেলায় কৃষকদের কাছ থেকে অতিরিক্ত মূল্যে কীটনাশক ও সার বিক্রি করায় এক ব্যবসায়ীকে ৫০ হাজার টাকা জরিমানা করেছেন ভ্রাম্যমাণ আদালত।

শুক্রবার দুপুরে উপজেলার ঘোড়ামারা বাজারে এই অভিযান চালানো হয়। অভিযানে নেতৃত্ব দেন দৌলতপুর উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) আব্দুল জব্বার।

এসময় তিনি জানান, বেশ কিছুদিন ধরে রাসায়নিক সার সরকার নির্ধারিত দামের চেয়ে বেশি দামে বিক্রি করে আসছিলেন। এছাড়াও ভেজাল ও নকল কীটনাশক বিক্রি করার অভিযোগে ঘোড়ামারা বাজারে অভিযান চালিয়ে এর সত্যতা পাওয়া যায়।

ভোড়ামারা বাজারে সুমি ট্রেডার্সের মালিককে ৫০ হাজার টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।তদারকিতে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্যরা

কুষ্টিয়ায় সড়ক দুর্ঘটনায় ভ্যানচালকের মৃত্যু

কুষ্টিয়ার খোকসা উপজেলার পৃথক সড়ক দুর্ঘটনায় এক ভ্যানচালক নিহত হয়েছেন। শুক্রবার কুষ্টিয়া-রাজবাড়ী আঞ্চলিক সড়কের খোকসায় এ দুর্ঘটনা ঘটে।

নিহত ভ্যানচালক হেলাল উদ্দিন (৫৫) খোকসা উপজেলার শিমুলিয়া ইউনিয়নের শিমুলিয়া কুঠিপাড়া গ্রামের মৃত মোঃ রবিউল ইসলামের ছেলে।

হাসপাতাল ও পুলিশ সূত্রে জানা গেছে, শুক্রবার সকাল ১১ টার সময়

কুষ্টিয়া রাজবাড়ী মহাসড়কের শিমুলিয়া ইউনিয়নের মালিগ্রাম কুষ্টিয়া থেকে ছেড়ে আসা রাজবাড়ী গামী পিকআপ ভ্যান রেজিস্ট্রেশন নং-(ঢাকা মেট্রো-ন-২০-৫৪২৫) ভ্যানচালক হেলাল উদ্দিনের ভ্যানের পিছনে সজোরে ধাক্কা দিলে ঘটনাস্থলে ভ্যানচালকের ডান হাত ভেঙে যায়।

স্থানীয় এলাকাবাসী আহত ভ্যানচালক হেলাল উদ্দিনকে উদ্ধার করে খোকসা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের জরুরি বিভাগে আনেন। হাসপাতালের জরুরি বিভাগের কর্তব্যরত ডাক্তার রোমা মুখার্জি আহত ভ্যানচালক হেলালউদ্দিনের প্রাথমিক চিকিৎসা দিয়ে উন্নত চিকিৎসার জন্য কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে রেফার্ড করেন।

বিকেল পৌনে পাঁচটার সময় কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় তিনি মৃত্যুবরণ করেন।

খোকসা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সৈয়দ মোঃ আশিকুর রহমান ঘটনার সত্যতা স্বীকার করে বলেন, আহত ভ্যানচালককে চিকিৎসাধীন অবস্থায় কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে মৃত্যুবরণ করেন।

দৌলতপুরে শিক্ষার্থীদের মাঝে বাইসাইকেল বিতরণ

কুষ্টিয়ার দৌলতপুর উপজেলা পরিষদের বার্ষিক কর্মসূচির আওতায় বিভিন্ন এলাকার দরিদ্র ও মেধাবী ছাত্রীদের মাঝে বাই-সাইকেল বিতরণ করা হয়েছে। বৃহস্পতিবার সকালে উপজেলা পরিষদ চত্বরে বাই-সাইকেল বিতরণ করা হয়।

সাইকেল বিতরণ শেষে সংক্ষিপ্ত আলোচনা সভায় প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে বক্তব্য রাখেন, উপজেলা পরিষদ চেয়ারম্যান অ্যাড. এজাজ আহমেদ মামুন।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা এলজিইডি উপ-সহকারী প্রকৌশলী মো. আজিজুল ইসলাম। এসময় প্রধান অতিথির বক্তব্যে উপকারভোগী শিক্ষার্থীদের উদ্দেশ্য উপজেলা পরিষদ চেয়ারম্যান এড.

এজাজ আহমেদ মামুন বলেন, বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার দিকনির্দেশনায় এই সোনার বাংলা এগিয়ে যাচ্ছে।

তারই ধারাবাহিকতায় গ্রামের প্রত্যন্ত এলাকায় নারী শিক্ষার মান ধরে রাখতে অসহায় গরীব মেধাবী শির্ক্ষার্থীদের এই সাইকেল উপহার দেওয়া হচ্ছে। অনুষ্ঠানে উপজেলা বিভিন্ন এলাকার ১৮ জন ছাত্রীদের মাঝে বাই-সাইকেল বিতরণ করা হয়।

কুমারখালীতে বঙ্গবন্ধুর ভ্রাম্যমাণ রেল জাদুঘর প্রদর্শনী উদ্বোধন

সাধারণ মানুষের কাছে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের আদর্শ, অধিকার আদায়ের আন্দোলন, সংগ্রাম এবং তার কর্মজীবনের গল্প পৌঁছে দিতে দেশে কুষ্টিয়া কুমারখালীতে প্রথমবারের মতো চালু হয়েছে ভ্রাম্যমাণ বঙ্গবন্ধু রেল জাদুঘর।

বাংলাদেশ রেলওয়ে কর্তৃপক্ষ ‘বঙ্গবন্ধু শেখ মুজিব ভ্রাম্যমাণ রেল জাদুঘর’ নামের এ জাদুঘরটি ২৫ ও ২৬ শে আগস্ট কুমারখালী রেলস্টেশনে প্রদর্শনের জন্য চালু করেছে।

গত ২৭ এপ্রিল প্রধানমন্ত্রী শেখ হাসিনা জাদুঘরের উদ্বোধন করেন। পরে সোমবার (১ আগস্ট) রেলপথমন্ত্রী নূরুল ইসলাম সুজন প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে গোপালগঞ্জ স্টেশনে আনুষ্ঠানিকভাবে কোচ দুটির প্রদর্শনীর উদ্বোধন করেন। একটি ব্রডগেজ এবং একটি মিটারগেজ কোচ নিয়ে তৈরি হয়েছে এই ভ্রাম্যমাণ জাদুঘর।

ভ্রাম্যমাণ এ রেল জাদুঘর দেশের বিভিন প্রান্তে থাকা স্টেশনগুলোতে প্রদর্শনের জন্য নির্দিষ্ট সময় পর্যন্ত থাকবে। ভ্রাম্যমাণ জাদুঘর দেখতে আসা অনার্স তৃতীয় বর্ষের ছাত্র রাকীব বলেন, ট্রেনের বগিতে এই জাদুঘরে দেখে অনেক ভালো লাগছে।

বঙ্গবন্ধু সম্পর্কে যা জানতাম না এখানে এসে সেই গুলো জানতে

পারছি। সংশ্লিষ্ট কর্মকর্তারা জানান, এরই মধ্যে ঢাকা থেকে জয়দেবপুর পর্যন্ত রেল জাদুঘরটির ট্রায়াল সম্পন্ন করা হয়েছে।

পরিকল্পনা অনুযায়ী, মিটার গেজ শুরু হয় চট্টগ্রাম স্টেশন থেকে আর ব্রডগেজ শুরু হয় গোপালগঞ্জ স্টেশন থেকে। জাদুঘর দুটিতে বঙ্গবন্ধুর জীবনের ওপর নির্মিত তথ্যবহুল ও মনোমুগ্ধকর ১২টি পৃথক চিত্র ও দুর্লভ আলোকচিত্রের সমন্বয়ে সাজানো হয়েছে। জানা গেছে, দুটি কোচের একটি থাকবে দেশের পূর্বাঞ্চলে অন্যটি থাকবে পশ্চিমাঞ্চলের রেলস্টেশনে।

বৃহস্পতিবার কুমারখালী রেলস্টেশন প্রাঙ্গনে দুইদিন ব্যাপী রেল জাদুঘর প্রদর্শনের শুভ উদ্বোধন করা হয়।করেন উপজেলা নির্বাহী কর্মকর্তা বিতান কুমার মন্ডল। এসময় উপস্থিত ছিলেন উপজেলা মুক্তিযোদ্ধা কল্যাণ সমিতির সভাপতি বীরমুক্তিযোদ্ধা এটিএম আবুল মনসুর মজনু, রাজবাড়ি রেলওয়ে নিরাপত্তাবাহিনীর পরিদর্শক মিঞা মো. আল মামুন, কুমারখালী রেলওয়ের স্টেশন মাস্টার মো. শফিকুল ইসলাম, উপজেলা য্বুলীগের দপ্তর সম্পাদক মনোয়ার হোসেন প্রমূখ।

কুমারখালী উপজেলা নিবার্হী কর্মকর্তা বিতান কুমার মন্ডল জাদুঘর পরিদর্শনে এসে বলেন, জাদুঘরটিতে ১৯২০ থেকে ১৯৭৫ সাল পর্যন্ত জাতির পিতার ঐতিহাসিক জীবন, মুক্তিযুদ্ধ, সংগ্রামী ঘটনা প্রবাহ তুলে ধরা হয়েছে। সাধারণ দর্শনার্থীরা টাচ স্ক্রিনে আঙুল স্পর্শ করতেই ভেসে আসবে বঙ্গবন্ধু ছবি, ভাষণ, তার জীবনের নানা দিক-নির্দেশনা।

আমি শুনেছি প্রায় দেড় বছর সময় ধরে এটি তৈরি করা হয়েছে। দেশের ৮০ শতাংশ রেলস্টেশন গ্রাম-বাংলায় ছড়িয়ে রয়েছে। প্রান্তিক মানুষের কাছে জাতির পিতার ঐতিহাসিক জীবন, মুক্তিযুদ্ধ, শিক্ষার্থীসহ সর্বস্তরের মানুষের জন্য উন্মুক্ত থাকবে এ জাদুঘর।

কুষ্টিয়ায় সারের দাম বেশি

নেওয়ায় ব্যবসায়ীর জরিমানা

কুষ্টিয়া সদর উপজেলায় কৃষকদের কাছ থেকে রাসায়নিক সারের দাম বেশি নেওয়ায় এক ব্যবসায়ীকে ৪৫ হাজার টাকা জরিমানা করেছেন ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর।

বৃহস্পতিবার দুপুরে উপজেলার আইলচারার বাজারে এই অভিযান চালানো হয়। অভিযানে নেতৃত্ব দেন জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের কুষ্টিয়া জেলা কার্যালয়ের সহকারী পরিচালক সুচন্দন মন্ডল।

এসময় তিনি জানান, বেশ কিছুদিন ধরে রাসায়নিক সার সরকার নির্ধারিত দামের চেয়ে বেশি দামে বিক্রি করে আসছিলেন।

এমন অভিযোগের ভিত্তিতে আইলচারা বাজারে অভিযান চালিয়ে এর সত্যতা পাওয়া যায়। আইলচারা বাজারে মেসার্স আর এস এন্টারপ্রাইজে গিয়ে দেখা যায় ইউরিয়া সার প্রতি কেজি ২২ টাকার পরিবর্তে ২৬ টাকা, এমওপি সার প্রতি কেজি ১৫ টাকার পরিবর্তে ৩০ টাকা, ডিএপি সার প্রতি কেজি ১৬ টাকার পরিবর্তে ১৮ টাকা, টিএসপি সার প্রতি কেজি ২২ টাকার পরিবর্তে ৩৫ টাকা মূল্যে বিক্রয় করছেন।

সরকার নির্ধারিত মূল্য অপেক্ষা অধিক মূল্যে সার বিক্রয়ের অপরাধে ভোক্তা অধিকার সংরক্ষণ আইনে মেসার্স আর এস এন্টারপ্রাইজের মালিক মোঃ সাইদুল ইসলামকে ৪৫ হাজার টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

তদারকিতে সার্বিক সহযোগিতা প্রদান করেছেন কুষ্টিয়া সদর উপজেলা কৃষি অফিসার সৌতম কুমার শীল, কুষ্টিয়া জেলা স্যানিটারি ইন্সপেক্টর (ভারপ্রাপ্ত) সুলতানা রেবেকা নাসরীনসহ আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্যরা উপস্থিত ছিলেন।

কুষ্টিয়ায় পাসপোর্ট অফিসে

দুদকের অভিযান, ৩ দালালের কারাদণ্ড

কুষ্টিয়া আঞ্চলিক পাসপোর্ট অফিসে অভিযান চালিয়েছে দুর্নীতি দমন কমিশনের (দুদক)। দালালদের দৌরাত্ম্য এবং ঘুষ দুর্নীতির অভিযোগে পরিচালিত এ অভিযানে কুষ্টিয়া আঞ্চলিক পাসপোর্ট অফিস থেকে তিন দালালকে আটক করা হয়েছে। পরে আটককৃতদের বিভিন্ন মেয়াদে কারাদণ্ডসহ অর্থদণ্ড দেন ভ্রাম্যমাণ আদালত।

বুধবার দুপুরে দুদক সমন্বিত কুষ্টিয়া কার্যালয়ের সরকারি পরিচালক নীল কোমল পালের নেতৃত্বে এ অভিযান চালানো হয়। পরে ভ্রাম্যমাণ আদালতে তাদের বিভিন্ন মেয়াদে কারাদন্ড প্রদান করা হয়।

ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করেন কুষ্টিয়া সদর উপজেলা সহকারী কমিশনার (ভূমি) ও নির্বাহী ম্যাজিস্ট্রেট দবির উদ্দিন।

দণ্ডপ্রাপ্ত ব্যক্তিরা হলেন, সদর উপজেলার চৌড়হাস আদর্শপাড়া সলক আলীর ছেলে রিপন (২৭), চৌড়হাস এলাকা ছরোয়ার হোসেনের ছেলে মহিবুল (৪০) এবং সাতক্ষীরা জেলার কলারোয়া উপজেলার আবুল কাসেমের ছেলে দেলোয়ার হোসেন (৪০)। এর মধ্যে মহিবুল এবং দেলোয়ারকে তিন মাসের কারাদণ্ডসহ পাঁচ হাজার টাকা জরিমানা এবং রিপনকে এক মাসের কারাদণ্ডসহ পাঁচ হাজার টাকা অর্থদণ্ড দেওয়া হয়।

দুদক ও ভ্রাম্যমাণ আদালত সূত্রে জানা গেছে, পাসপোর্ট অফিসে সেবা নিতে আসা মানুষ দালালের মাধ্যমে হয়রানির শিকার এবং কিছু অসৎ কর্মচারী ঘুষের বিনিময়ে কাজ করছেন।

এমন অভিযোগের ভিত্তিতে সেখানে অভিযান পরিচালনা করে দুদক। পরে তারা পাসপোর্ট অফিসের ভেতর থেকে তিনজনকে আটক করে।

অভিযানের সময় পাসপোর্ট অফিস থেকে এক লাখ ৩৩ হাজার টাকা উদ্ধার করা হয়। এ ছাড়াও অফিসের বিভিন্ন গুরুত্বপূর্ণ ফাইলপত্র তল্লাশি এবং সেগুলো পর্যালোচনা করে দুদক।

ভ্রাম্যমাণ আদালতের বিচারক ও কুষ্টিয়া সদর উপজেলা সহকারী কমিশনার (ভূমি) ও নির্বাহী ম্যাজিস্ট্রেট দবির উদ্দিন বলেন, অভিযোগের ভিত্তিতে দুদকের পক্ষ থেকে সেখানে অভিযান চালিয়ে তিন দালালকে আটক

করা হয়। পরে তাঁদের বিভিন্ন মেয়াদে সাজা প্রদান করা হয়েছে।

দুর্নীতি দমন কমিশনের কুষ্টিয়ার সমন্বিত কার্যালয়ের উপ-পরিচালক মোহাম্মদ জাকারিয়া বলেন, অভিযানে হাতে নাতে তিন দালালকে আটক করা হয়েছে।

এ ছাড়া এখান থেকে বেশ কিছু নগদ টাকা উদ্ধার এবং কিছু কাগজপত্র পর্যালোচনা করে ঊর্ধ্বতন কর্তৃপক্ষের কাছে একটি রিপোর্ট পাঠানো হবে। পরে সেখান থেকে পাওয়া নির্দেশনা মোতাবেক পরবর্তী পদক্ষেপ গ্রহণ করা হবে।

এ বিষয়ে কুষ্টিয়া আঞ্চলিক পাসপোর্ট অফিসের উপপরিচালক জাহিদুল ইসলাম, সেখানকার দায়িত্বে থাকা আনসার সদস্যসহ দালালদের বিরুদ্ধে অভিয়োগ উঠে আসে। সম্প্রতি গণমাধ্যমে বিষয়টি নিয়ে লেখালেখি করলে নজরে আসে দুদকের।

রোটারি ক্লাব অব কুষ্টিয়ার বোর্ড মিটিং অনুষ্ঠিত

রোটারি ক্লাব অব কুষ্টিয়ার বোর্ড মিটিং অনুষ্ঠিত হয়েছে। সোমবার সন্ধ্যায় শহরের খেয়া রেস্তোরাঁয় অনুষ্ঠিত বোর্ড মিটিং এ সভাপতিত্ব করেন রোটারি ক্লাব অব কুষ্টিয়ার রোটারিয়ান কামারুল আরেফিন।

রোটারি ক্লাব অব কুষ্টিয়ার নতুন কমিটির অভিষেক অনুষ্ঠান সফল করতে মিটিং এ সিদ্ধান্ত গৃহীত হয়। অনুষ্ঠানের আয়োজন কমিটি এবং সম্ভাব্য অনুষ্টানমালা নিয়ে বিশদ আলোচনা করেন।

এসময় রোটারিয়ান কামারুল আরেফিন বলেন, রোটারি ক্লাবের আর্ত মানবতার সেবায় সর্বদা নিয়োজিত। মানবিক এসব গৃহীত কর্মকান্ডের সাথে সামাজিক দায়বদ্ধতার সঙ্গে মিল রয়েছে এই ক্লাবের। এসময় তিনি রোটারিয়ান সদস্যরা গরীর ও আর্তপীড়িতদের সেবায় নিবেদিত থাকার প্রত্যয় ব্যক্ত করেন।

মিটিং এ রোটারি ক্লাব অব কুষ্টিয়ার সেক্রেটারি জেনারেল তুষার রতন,বিদায়ী কমিটির সেক্রেটারি জেনারেল জাহিদুল ইসলাম রনি, রোটারিয়ান সৈয়দা হাবিবা, আকরাম হোসেন বাবু, আকাম উদ্দিন, আশরাফ উদ্দিন নজু, ফরহাদ আলী খান, ফকরুল আলম মিলন,ওবায়দুর রহমান, সহ ক্লাবের বিভিন্ন পর্যায়ের সদস্য ও রোটারিয়ানরা উপস্থিত ছিলেন।

কুষ্টিয়ায় বিভিন্ন ব্রান্ডের বীজের নকল প্যাকেট পাওয়ায় ব্যবসায়ীকে জরিমানা

কুষ্টিয়ায় অসাধু ব্যবসায়িরা নামীদামি বীজ কোম্পানির নাম ব্যবহার করে বাজারে নিম্নমানের বীজ বিক্রি করছে। ওই সব বীজ কিনে কৃষকরা প্রতারিত হলেও অনুমোদনহীন বীজ কোম্পানিগুলোর বিরুদ্ধে ব্যবস্থা নিতে মাঠে দেখা মিলছে না কৃষি বিভাগের।

সোমবার দুপুরে কুষ্টিয়ার মিরপুরে অভিযান চালিয়ে বিভিন্ন ব্রান্ডের বীজের নকল প্যাকেট পাওয়ায় ৫০ হাজার টাকা জরিমানা আদায় করেছে ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর। অভিযান পরিচালনা করেন জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের কুষ্টিয়া জেলা কার্যালয়ের সহকারী পরিচালক সুচন্দন মন্ডল।

এসময় তিনি জানান, মিরপুর উপজেলার মহিলা কলেজ রোডে গিয়ে দেখা যায় মেসার্স মুন্সি বীজ ভান্ডারের গোডাউনে বস্তাভর্তি বীজের পাশাপাশি মেয়াদ উত্তীর্ণ বীজ হতে বিভিন্ন নামে বীজ প্যাকেটজাত করা হয়।

তিনি জানান, মেসার্স মুন্সি ট্রেডার্স তার নিজ নামে প্যাকেটজাত করার পাশাপাশি যশোর, চুয়াডাঙ্গা ও ঢাকার ঠিকানা ব্যবহার করে হাবীব সীড, দেওয়ান সীড, রাফি সীড, মুক্তা বীজ ভান্ডার, মা বীজ ভান্ডার, বিসমিল্লাহ বীজ ভান্ডার, মোশারফ বীজ ভান্ডারসহ বিভিন্ন ব্রান্ডের বীজের প্যাকেট নকল করে বীজ প্যাকেটজাত করা হচ্ছে।

পরে ভোক্তা অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ লংঘনের অপরাধে প্রতিষ্ঠানটিকে ৫০হাজার টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

সুচন্দন মন্ডল আরও বলেন, ‘ভেজাল ও অনুমোদনহীন বীজ বিক্রি আইনগত অপরাধ। ভোক্তা-অধিকার নিশ্চিত করতে অভিযান চলমান থাকবে বলেও জানান তিনি। অভিযানে সার্বিক সহযোগিতা প্রদান করেন কুষ্টিয়া জেলা স্যানিটারি ইন্সপেক্টর (ভারপ্রাপ্ত) সুলতানা রেবেকা নাসরীন, মিরপুর উপজেলা স্যানিটারি ইন্সপেক্টর মোছাঃ সেলিনা আখতার ও আইনশঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদ্যসরা।

সরেজমিনে দেখা যায়, বিভিন্ন নামকরা কোম্পানির মোড়কে নিম্নমানের ধান বীজ প্যাকেটজাত করে স্থানীয় হাট-বাজারে বিক্রি হচ্ছে। ফলে কৃষক না জেনে এসব নকল বীজ কিনে প্রতারণার শিকার হচ্ছেন। এতে ফসল ফলনে ধ্বস নামবে এবং কাঙ্খিত খাদ্য উৎপাদন হবে না। ফলে খাদ্য সংকট থেকেই যাবে।

এদিকে মানসম্মত বীজ না পেয়ে কৃষক দিশেহারা হয়ে পড়েছেন। সরকারের কৃষি বিভাগ বিষয়টি জেনেও তাদের বিরুদ্ধে ব্যবস্থা নিতে তেমন একটা উদ্যোগী হচ্ছে না বলে জোর অভিযোগ উঠেছে।

কুষ্টিয়ায় ডাকাতি প্রস্তুতকালে অস্ত্রসহ ৫ ডাকাত আটক

কুষ্টিয়া-রাজবাড়ী আঞ্চলিক মহাসড়কের মন্ডল ফিলিং স্টেশন এলাকা থেকে দেশীয় অস্ত্রসহ ৫ জন ডাকাত আটক করেছে জেলা গোয়েন্দা (ডিবি) পুলিশ।

গত রোববার দিবাগত রাত ১২টার দিকে ডাকাতির প্রস্তুতিকালে ওই পাঁচজনকে আটক করেন পুলিশ। এই সময় তাদের কাছে থেকে ৪টি বড় হাসুয়া ও ১টি চাইনিজ জব্দ করা হয়।

এসব তথ্য নিশ্চিত করেছেন কুষ্টিয়া জেলা গোয়েন্দা (ডিবি) পুলিশের ভারপ্রাপ্ত কর্মকর্তা ওসি নাসির উদ্দিন।

আটককৃতরা হলেন, কুষ্টিয়া পৌরসভার থানাপাড়ার বাদ এলাকার কুষ্টিয়া পৌরসভার থানা পাড়ার বাধ এলাকার মৃত আব্দুল আজিজ খানের ছেলে শুভ খান (৩৫), টাইগার হোসেনের ছেলে যুবরাজ হোসেন (২৫), কুরবান আলীর ছেলে রাহুল আমিন (২১) ও কোটপড়ার শুকনগর বস্তি এলাকার মৃত বাবু শেখের ছেলে বিপ্লব শেখ (২৪) এবং কুষ্টিয়া দৌলতপুর উপজেলার মুসলিমনগর এলাকার মৃত আফাজ বিশ্বাসের ছেলে আসলাম বিশ্বাস (৩২)।

পুলিশ সূত্রে জানা যায়, আটক ব্যক্তিরা আন্তঃজেলা ঢাকা জেলার সদস্য। তারা নিয়মিত বিভিন্ন এলাকায় ডাকাতি করে আসছে।

কুষ্টিয়া জেলা গোয়েন্দা (ডিবি) পুলিশের ভারপ্রাপ্ত কর্মকর্তা ওসি নাসির উদ্দিন বলেন, গোপন সংবাদের ভিত্তিতে তারা জানতে পারেন ১৫-১৬ জনের একটি ডাকাত দল কুষ্টিয়া রাজবাড়ী আঞ্চলিক মহাসড়কে অবস্থিত মন্ডল ফিলিং স্টেশন এলাকায় ডাকাতি করা উদ্দেশ্যে অস্ত্রশস্ত্র নিয়ে তারা ডাকাতি প্রস্তুতি নিচ্ছে।

এমন সংবাদ জানার পর জেলা গোয়েন্দা পুলিশের একটি অভিধানিক দল সেখানে অভিযান চালিয়ে ওই পাঁচজন ডাকাতকে আটক করে। এই সময় তাদের কাছ থেকে চারটি বড় হাসুয়া ও একটি চাইনিজ কুড়াল জব্দ করা হয়। সোমবার সকালে তাদেরকে আদালতের মাধ্যমে জেলা কারাগারে প্রেরণ করা হয়।

কুষ্টিয়ার ভেড়ামারায় মাদক ব্যবসায়ীকে ১০ বছরের কারাদন্ড

কুষ্টিয়ার ভেড়ামারায় ১০০ বোতল ফেন্সিডিল বিক্রয়ের অভিযোগে জিয়া
(৩৫) নামে একজনকে ১০ বছর সশ্রম কারাদন্ডের আদেশ দিয়েছেন আদালত।

রবিবার দুপুরে কুষ্টিয়া জেলা ও দায়রা জজ অতিরিক্ত আদালত-১ এর বিচারক তাজুল ইসলাম জনাকীর্ন আদালতে আসামীর উপস্থিতিতে এই রায় ঘেষনা করেন।

দন্ডপ্রাপ্ত হলো- ভেড়ামারা উপজেলার ভবানীপুর বিলসুকা গ্রামের

বাসিন্দা মৃত শামছুদ্দিনের ছেলে জিয়া। রাষ্ট্রপক্ষের কৌঁসুলি (পিপি) এ্যাড. অনুপ কুমার নন্দী বিষয়টি নিশ্চিত করেছেন।

আদালত সূত্রে জানা যায়, ২০১৯ সালের ১৩ নভেম্বর দুপুরে ভেড়ামারা থানা এলাকায় মাদক বিরোধী অভিযান পরিচালনাকালে গোপন সংবাদের ভিত্তিতে ভেড়ামারা টু কুষ্টিয়া মহাসড়ক সংলগ্ন বারমাইলস্থ জনৈক সালাউদ্দিন মিন্টু এর সোনার বাংলা হোটেলের সামনে জিয়া মাদকদ্রব্য বিক্রয় করার সময়ে তাকে ১০০ বোতল ফেন্সিডিলসহ আটক করে ভেড়ামারা থানা পুলিশ। পরে ভেড়ামারা থানায় পুলিশ বাদী হয়ে আটকৃত জিয়ার বিরুদ্ধে মাদক নিয়ন্ত্রণ আইনে মামলা দায়ের করেন।

মামলাটি তদন্ত শেষে ২০১৯ সালের ২৭ ডিসেম্বর মামলা তদন্তকারী কর্মকর্তা ভেড়ামারা থানার পুলিশ পরিদর্শক মোঃ মমিনুল ইসলাম ১জনের বিরুদ্ধে অভিযোগ এনে চার্জশীট দাখিল করেন আদালতে।